



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@gmail.com Website: www.updfcht.com

Ref:

Date: ১০ ডিসেম্বর ২০২৪

### প্রেস বিজ্ঞপ্তি

### সংবিধান সংস্কার কমিশনে ইউপিডিএফের স্মারকলিপি, ১৭টি প্রস্তাবনা পেশ

পার্বত্য চট্টগ্রামের জনগণের অধিকার সংরক্ষণ ও দেশে গণতান্ত্রিক শাসন ব্যবস্থা প্রতিষ্ঠার জন্য সংবিধান সংস্কার কমিশনের কাছে ১৭ দফা প্রস্তাবনা পেশ করেছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।

আজ মঙ্গলবার, ১০ ডিসেম্বর ২০২৪ ইউপিডিএফ ঢাকা অঞ্চলের সংগঠক মাইকেল চাকমার নেতৃত্বে তিন সদস্যের একটি প্রতিনিধি দল সংবিধান সংস্কার কমিশনের প্রধান অধ্যাপক ড. আলী রিয়াজের নিকট জাতীয় সংসদ ভবনে তার কার্যালয়ে স্মারকলিপি প্রদানের মাধ্যমে উক্ত প্রস্তাবনা হস্তান্তর করেন।

অধ্যাপক ড. রিয়াজ অনেক ব্যস্ততার মাঝেও নিজে এসে উক্ত স্মারকলিপি ও প্রস্তাবনা প্রহণ করেন এবং প্রতিনিধি দলকে আন্তরিক ধন্যবাদ জানান।

প্রতিনিধি দলের অন্য দু'জন সদস্য হলেন গণতান্ত্রিক যুব ফোরামের সভাপতি জিকো ত্রিপুরা ও পাহাড়ি ছাত্র পরিষদের সভাপতি অংকন চাকমা।

আগস্ট ছাত্র-গণ অভ্যুত্থানের চেতনা বাস্তবায়নের লক্ষ্যে সংবিধান সংস্কার কমিশনের প্রধান হিসেবে দায়িত্ব গ্রহণ করায় পার্বত্য চট্টগ্রামের জনগণের পক্ষ থেকে ড. আলী রিয়াজকে অভিনন্দন জানিয়ে স্মারকলিপিতে বলা হয়, বাংলাদেশের দক্ষিণ-পূর্বে পার্বত্য চট্টগ্রাম ১৯৭২ সালের সংবিধান পাশ হওয়ার আগ পর্যন্ত বিভিন্ন সময়ে “Scheduled District”, “Backward Tract”, “Excluded Area” ও “Tribal Area” হিসেবে স্বীকৃত ছিল।

‘কিন্তু ১৯৭১ সালে বাংলাদেশ স্বাধীনতা লাভের পর দেশের নতুন সংবিধানে অতীতের ধারাবাহিকতা রক্ষা করে পার্বত্য চট্টগ্রামের জন্য বিশেষ শাসনতান্ত্রিক মর্যাদার দাবি জানানো হলে তা সম্পূর্ণ উপেক্ষা করা হয়। এর ফলশ্রুতিতে এই অঞ্চলের জনগণের অধিকার ও মর্যাদা ক্ষুণ্ণ হয় এবং পরে রক্তক্ষয়ী সংঘাতের জন্ম হয়।’

এই ঐতিহাসিক ভুলের আর পুনরাবৃত্তি ঘটবে না বলে আশা প্রকাশ করে স্মারকলিপিতে বলা হয়, ‘আমরা আশা করি আপনার নেতৃত্বে যে সংবিধান সংস্কার বা পুনর্লিখন হবে, তাতে পার্বত্য চট্টগ্রাম তার বিশেষ শাসনতান্ত্রিক মর্যাদা ফিরে পাবে এবং এই অঞ্চলের জনগণের আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটবে।’

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।